দৈনিক সংবাদ

MAR. 24 2002

### ৩ ছাত্রদল কর্মী গ্রেফতার

# ছাত্রলীগ নেতা হত্যার প্রতিবাদে মোহনগঞ্জে হরতাল পালন

**ময়মনসিংহ থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** ছাত্রদলের সন্ত্রাসীদের হামলায় ছাত্রলীগ মোহনগঞ্জ পৌর কমিটির সহ-সভাপতি রফিকুল বাকী খান নিহত হওয়ার প্রতিবাদে শনিবার মোহনগঞ্জে অর্ধদিবস হরতাল পালিত হয়েছে।

গত বৃহস্পতিবার সন্ধ্যায় ছাত্রদলের সন্ত্রাসীদের হামলায় রফিকুল বাকী খান নিহত হন। হত্যাকাণ্ডের প্রতিবাদে মোহনগঞ্জ উপজেলা আওয়ামী লীগ ভোর ৬টা হতে দুপুর ১২টা পর্যন্ত হরতাল আহ্বান করে। শান্তিপূর্ণ ও স্বতঃস্ফূর্তভাবে হরতাল পালিত হয়। হরতালের সময় মোহনগঞ্জের সকল দোকানপাট ও যানবাহন চলাচল বন্ধ ছিল। হরতাল শেষে মোহনগঞ্জ শহরে এক মৌন মিছিল বের হয়ে সারা শহর প্রদক্ষিণ করে। কলেজ মাঠে নিহত রফিকুল বাকী খানের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। নেত্রকোনা জেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দসহ মোহনগঞ্জের দলীয় নেতা-কর্মীসহ সাধারণ মানুষ জানাজায় অংশগ্রহণ করে। পরে বাকী খানের গ্রামের বাড়ি

হরতাল ঃ পৃঃ ২ কঃ ৬

## হরতাল ঃ মোহনগঞ্জ

(১ম পৃষ্ঠার পর)

জয়পুরে পারিবারিক গোরস্তানে লাশ দাফন করা হয়। হরতালশেষে সংক্ষিপ্ত এক সমাবেশে অবিলম্বে হত্যাকারীদের গ্রেফতারের দাবি জানানো হয়।

এদিকে মোহনগঞ্জ থানা পুলিশ ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে ছাত্রদলের ৩ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হচ্ছে রঞ্জিত (২৫), কালামিয়া (২২) ও জসিম (২৩)। এছাড়া ছাত্রদলের আহত ২ জন লিয়ন (১৯) ও ফরিদ (২১) বাকী খানের মৃত্যুর খবর জানার পর ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় পালিয়ে যায়। বর্তমানে মোহনগঞ্জে উত্তেজনা বিরাজ করছে। মোহনগঞ্জ পৌর এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। মোহনগঞ্জ উপজেলার নির্বাহী কর্মকর্তা মফিজুল ইসলাম বাকী খানের বাসভবনে গিয়ে তার পরিবারের প্রতি সমবেদনা জানান।